

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.১৪.৫২.২০১৭-৯২

তারিখ: ২২ মাঘ ১৪২৯
০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন “Saidabad Water Treatment Plant, Phase-III”-শীর্ষক প্রকল্পের ঋণচুক্তি স্বাক্ষর ত্বরান্বিতকরণ।

সূত্র: অর্থনৈতিক সম্পর্ক বিভাগের স্মারক নম্বরঃ ০৯.০০.০০০০.১৫৬.১৪.০০৬.১৯/০৯ তারিখ: ০৮/০১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ডেনমার্ক সরকারের মধ্যে “Saidabad Water Treatment Plant, Phase-III”-শীর্ষক প্রকল্পের ঋণ সহায়তার বিষয়ে গত ০৩ অক্টোবর, ২০১৯ তারিখে একটি “G2G” স্বাক্ষরিত হলেও অদ্যাবধি ঋণচুক্তি স্বাক্ষরের বিষয়ে কোন অগ্রগতি সাধিত হয়নি। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের লক্ষ্যে ঋণচুক্তি স্বাক্ষরের অগ্রগতির বিষয়ে গত ১৮.০৫.২০২২ তারিখে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা ওয়াসা, রাজকীয় ড্যানিশ দূতাবাসের প্রতিনিধির সম্মুখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে একটি ভারুয়াল ত্রিপ্রক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণ সমাপ্তপূর্বক ঋণচুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ অনুরোধ করেছে।

০২। এমতাবস্থায়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পত্রে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

৯২/১২৬

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ